দৈনিক ইত্তেফাক

তারিখ 08 OCT 1988
পৃষ্ঠা 2 কলাম 5

002

# এরশাদ

## স্পোর্টস ইন্সটিটিউটে

গতকাল (শুক্রবার) গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার বিভিন্ন বন্যা-দুর্গত এলাকা পরিদর্শনের পর প্রেসিডেন্ট এরশাদ রাজধানীতে ফেরার পথে সাভারে বাংলাদেশ ক্রীড়া ইন্সটিটিউট পরিদর্শন করেন। বাসস জানায়, গতকাল সকাল হইতে কঠোর পরিশ্রমের পরও প্রেসিডেন্ট এরশাদ উৎফুল্ল মেজাজে ছেলেদের বিভিন্ন ধরনের খেলা-ধুলায় প্রশিক্ষণ গ্রহণ করিতে দেখেন। প্রেসিডেন্ট নিজে ফুটবল প্রশিক্ষণার্থীদের সঙ্গে খেলায় অংশ-গ্রহণ করেন এবং একটি গোল দেন। প্রশিক্ষণার্থীরা প্রেসিডে-ন্টের যুবক সুলভ উৎসাহে অভিভূত হয়। প্রেসিডেন্ট নিজেও একজন ক্রীড়াবিদ। প্রেসিডেন্টের সফর নিয়মিত এ্যাকাডেমিক শিক্ষা ছাড়াও ফুটবল, হকি, ক্রিকেট, সাঁতার, এ্যাথলেটিক্স এবং টেনিসে প্রশিক্ষণ গ্রহণরত ছাত্রদের অনুপ্রেরণা যোগায়।

বিশ্বের এই অংশে অভিনব এই ইনষ্টিটিউট প্রেসিডেন্ট এর-শাদের মানস সন্তান। এখানে ছাত্রদের বিভিন্ন ক্রীড়া এবং সপ্তম শ্রেণী হইতে এইচ এস সি লেভেল পর্যন্ত এ্যাকাডেমিক শিক্ষা দেওয়া হয়।

প্রেসিডেন্ট এরশাদ জিমনাসিয়া-মসহ ইনষ্টিটিউটের বিভিন্নবিভাগ ঘুরিয়া দেখেন এবং তাঁহার চিন্তাধারা মোতাবেক ইনষ্টিটিউট পরিচালিত হইতে থাকায় গভীর সন্তোষ প্রকাশ করেন।

প্রেসিডেন্ট এরশাদ ইনষ্টি-টিউটে পৌঁছিলে যুব ও ক্রীড়া মন্ত্রী সুনীল গুপ্ত, লোকাল এরিয়া কমা-ণ্ডার মেজর জেনারেল নুরুদ্দিন খান এবং ইনষ্টিটিউটের মহাপরিচালক লেঃ কর্ণেল আবদুল লতিফ খান তাঁহাকে স্বাগত জানান।